# সামশাদ নিখোঁজই, থানায় বিক্ষোভ

## পুলিশের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ

অরুণ ঝা



বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি। সোমবার ইসলামপুর থানায়।

**ইসলামপুর, ৭ জুলাই :** কলকাতায় জিনসের পোশাক রং করার কারখানায় কাজ করতে গিয়ে নির্যাতিত ইসলামপুরের কিশোরের খোঁজ মেলেনি আজও। সে কারণে সোমবার ইসলামপুর থানার সামনে বিক্ষোভ দেখালেন পরিবারের সদস্য এবং ছয়ঘরিয়ার বাসিন্দারা। থানায় ঢুকতে বাধা দেওয়া হলে আন্দোলনকারীদের সঙ্গে মহিলা পুলিশকর্মীদের ধস্তাধস্তি হয়। প্রায় দুই ঘণ্টা বিক্ষোভ চলে। এদিন আন্দোলনকারীদের সঙ্গে শামিল হয়েছিলেন সিপিএমের নেতা-কর্মীরাও।

নিখোঁজ কিশোরের মা রাজ্য সরকার ও পুলিশের উপর অনাস্থা প্রকাশ করেন। ছয়দিনের মধ্যে ছেলের খোঁজ না মিললে পুলিশ সুপারের অফিস ঘেরাওয়ের হুমকি দিয়েছে পরিবার। অতিরিক্ত পুলিশ সুপার ডেভ্রুপ শেরপা অবশ্য জানিয়েছেন, রবীন্দ্রনগর থানার সঙ্গে তাঁরা নিয়মিত যোগাযোগ রাখছেন।

কলকাতার রবীন্দ্রনগর থানা এলাকায় জিনসের পোশাক রং করার কারখানায় কাজ করতে গিয়েছিল ছয়ঘরিয়ার কিশোর সামশাদ (১৪)। সেখানে নির্যাতনের শিকার হয়। তারপর থেকে সে নিখোঁজ। এক মাস কেটে গেলেও কিশোরের কোনও হদিস পায়নি পুলিশ। সামশাদকে উলটো করে ঝুলিয়ে বিদ্যুতের শক দেওয়ার ভিডিও (ভিডিওর সত্যতা উত্তরবঙ্গ সংবাদ যাচাই করেনি) ভাইরাল হয়েছিল।

নির্যাতনে মূল অভিযুক্ত ছয়ঘরিয়া গ্রামেরই বাসিন্দা শাহেনশা। রবীন্দ্রনগর থানার পুলিশ মুম্বই থেকে তাঁকে গ্রেপ্তার করেছে। কলকাতা থেকেও একাধিক সন্দেহভাজনকে গ্রেপ্তার করা হয়েছিল।

কিন্তু মূল অভিযুক্ত গ্রেপ্তার হলেও এখনও সামশাদের হদিস পায়নি পুলিশ। এনিয়ে ক্ষোভ রয়েছে এলাকায়। সম্প্রতি সামশাদের মা আসিনা খাতুন রবীন্দ্রনগর থানায় ছেলের খোঁজে গিয়েছিলেন। আসিনার দাবি, বেশি আন্দোলন করলে উলটে তাঁকেই জেলে ঢোকানোর হুঁশিয়ারি দেয় সেখানকার পুলিশ। তাঁর কথায়, 'আমার ছেলে নিখোঁজ। সরকার ও পুলিশের বড়কর্তাদের পা ধরতেও বাদ রাখিনি। রবীন্দ্রনগরের পুলিশ জেলে ঢোকানোর হুমকি দিয়েছে। ইসলামপুরের পুলিশ ধাক্কাধাক্কি করেছে।'

এনিয়ে সরব হয়েছেন সিপিএমের ইসলামপুর ২ নম্বর এরিয়া কমিটির সম্পাদক সামি খান। তাঁর প্রতিক্রিয়া, 'পুলিশের নিষ্ক্রিয়তা ও ব্যবহার নিন্দনীয়। এই সরকারের আমলে পুলিশ আসলে দুর্নীতিগ্রস্ত।'

তৃণমূলের ব্লক সভাপতি জাকির হুসেন অবশ্য বলেছেন, 'কিশোর নিখোঁজে আমরাও উদ্বিগ্ন। পরিবারের পাশে আছি। অভিযুক্তদের গ্রেপ্তার করা হয়েছে। পুলিশের উপর আমাদের আস্থা আছে। আর যাঁরা পায়ের তলায় জমি পেতে মায়ের আবেগ নিয়ে রাজনীতি করছেন, তাঁদের নিয়ে মন্তব্য করার প্রয়োজন আছে বলে মনে করি না।'

অতিরিক্ত পুলিশ সুপারের বক্তব্য, 'কিশোরের খোঁজে রবীন্দ্রনগরের পুলিশ তদন্ত করছে। আমরা নিয়মিত যোগাযোগ রাখছি।' এসপি অফিস ঘেরাওয়ের হুঁশিয়ারি প্রসঙ্গে তিনি বলেন, 'ঘটনাটি অন্য থানা এলাকার। আমাদের তো যোগাযোগ করা ছাড়া অন্য কোনও ভূমিকা নেই।'

### ঘেরাওয়ের হুমকি

- কলকাতায় জিনসের পোশাক রং করার কারখানায় কাজ করতে গিয়েছিল ছয়ঘরিয়ার কিশোর সামশাদ
- সেখানে নির্যাতনের শিকার হয়। তারপর থেকে নিখোঁজ
- মূল অভিযুক্ত শাহেনশাকে মুম্বই থেকে গ্রেপ্তার করা হয়েছে
- কিন্তু এক মাস কেটে গেলেও কিশোরের কোনও হদিস পায়নি পুলিশ
- সে কারণে সোমবার ইসলামপুর থানার সামনে বিক্ষোভ দেখায় পরিবার

# পুজোর আগে রাস্তা মেরামতের সিদ্ধান্ত

**শিলিগুড়ি, ৭ জুলাই :** শহরের যেসব রাস্তায় ভূগর্ভস্থ বিদ্যুতের কেবল বসানো হচ্ছে, পুজোর আগেই সেগুলির একাংশ মেরামতের সিদ্ধান্ত নিয়েছে পুরনিগম। পূর্ত দপ্তর যে রাস্তার দেখভাল করে, সেগুলির কাজ তারাই করবে। এজন্য পাঁচ কোটি টাকা খরচ হবে। অন্যদিকে, পুরনিগম যেসব রাস্তা দেখাশোনা করে, তা মেরামতের জন্য আড়াই কোটি টাকা দেবে বিদ্যুৎ বণ্টন কোম্পানি। কোম্পানির তরফে অগাস্ট মাসে কিছু রাস্তা হস্তান্তর করা হবে বলে খবর। এ বিষয়ে সোমবার পুরনিগমে বৈঠক হয়। মেয়র গৌতম দেবের বক্তব্য, 'শহরের একাধিক রাস্তা অগাস্টের মধ্যে হস্তান্তর হবে। আমরা পুজোর আগে সেগুলি মেরামত করে দেব।'

পানীয় জলের পাইপলাইন পাতা, বিদ্যুৎ বণ্টন কোম্পানির কাজের জন্য শহরের একাধিক এলাকায় খোঁড়াখুঁড়ি চলছে। এর জেরে শহরে রাস্তাঘাটের অবস্থা শোচনীয়। একাধিক জায়গায় গর্ত তৈরি হয়েছে। ঠিকমতো গর্ত বোজানো হয়নি। তাতে জল জমে দুর্ঘটনা ঘটছে। বিরোধীরা বিষয়টি নিয়ে প্রশ্ন তুলছিল। এরপরই সংশ্লিষ্ট দপ্তরগুলিকে ডেকে সোমবার পুরনিগমে বৈঠক করেন মেয়র গৌতম দেব। ছিলেন ডেপুটি মেয়র রঞ্জন সরকার সহ অন্যরা। জনস্বাস্থ্য কারিগরি দপ্তর, বিদ্যুৎ বণ্টন কোম্পানি এবং পুরনিগমের বিভিন্ন বিভাগের আধিকারিকরা বৈঠকে উপস্থিত ছিলেন। কিন্তু গ্যাসের পাইপলাইন পাতবে যে সংস্থা, তাদের কেউ আসেনি বলে খবর। এনিয়ে মেয়র ক্ষোভ প্রকাশ করে আধিকারিকদের বিষয়টি দেখতে বলেন। দ্রুত ওই সংস্থাকে চিঠি দিয়ে বিষয়টি নিয়ে অসন্তোষ প্রকাশের নির্দেশ দেন। এদিনের বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, খোঁড়াখুঁড়ি শেষ করে কিছু রাস্তা অগাস্টের মধ্যে পুরনিগম এবং পূর্ত দপ্তরের হাতে তুলে দেওয়া হবে। রাস্তা মেরামতের জন্য পুরনিগমকে টাকা দেবে বিদ্যুৎ বণ্টন কোম্পানি। অগাস্টেই যাতে রাস্তা হস্তান্তর করা যায়, সেই বিষয়ে নজর দিতে বলেছেন মেয়র। অন্যদিকে, অগাস্টের মধ্যে বর্ধমান রোডের উড়ালপুল চালু হয়ে যাবে বলে দাবি করেছেন গৌতম। যদিও বাস্তবে তা কতটা সম্ভব হবে, তা নিয়ে রয়েছে প্রশ্ন।

### ভূগর্ভস্থ কেবলে দফারফা

# নিরাপত্তার দাবি

**বাগডোগরা, ৭ জুলাই :** বাগডোগরার আইনশৃঙ্খলা পরিস্থিতি ঠিক রাখার দাবি জানিয়ে বাগডোগরা থানায় সোমবার স্মারকলিপি দিল ভারতীয় জনতা যুব মোর্চার বাগডোগরা-গোঁসাইপুর মণ্ডল কমিটি। যুব মোর্চার মণ্ডল সভাপতি শান্তনু মহন্তর অভিযোগ, 'বাগডোগরায় চোরের উপদ্রব, মাদকাসক্তদের দৌরাত্ম্য বেড়েছে। বৃদ্ধি পেয়েছে অপরিচিত লোকজনের আনাগোনা। বিপথে পা বাড়াচ্ছে তরুণরা। অথচ এখানে বিমানবন্দর এবং সেনাছাউনির মতো গুরুত্বপূর্ণ এলাকা রয়েছে। তাই নিরাপত্তা আরও জোরদার করতে হবে। এই ইস্যুতে পুলিশকে স্মারকলিপি দেওয়া হল এদিন। পুলিশ ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছে।'



আকাশ ঘিরে মেঘ।। বৃষ্টি নামার ঠিক আগের মুহূর্ত ক্যামেরাবন্দি করেছেন বাপ্পা রাহা। শিলিগুড়িতে। সোমবার।

## কমছে কর্মী, বাড়ছে অভাব, কঠিন লড়াই

# ইতিহাস হারাচ্ছে তিনধারিয়া ওয়ার্কশপ

রাহুল মজুমদার

**তিনধারিয়া, ৭ জুলাই :** ধীরে ধীরে যেন ফিকে হচ্ছে দার্জিলিং হিমালয়ান রেলওয়ের একমাত্র ওয়ার্কশপের ইতিহাস। এটি উত্তর-পূর্ব ভারতের উচ্চতম ওয়ার্কশপও বটে। ক্রমশই কমছে কর্মীসংখ্যা, বাড়ছে যন্ত্রাংশের অভাব। ফলে নানান সমস্যায় জর্জরিত ওয়ার্কশপটি। এরই মাঝে মাথা তুলে দাঁড়িয়ে থাকার লড়াই চালিয়ে যাচ্ছে হেরিটেজ ইঞ্জিন ও কামরার মেরামতির কাজের সঙ্গে যুক্ত ব্রিটিশ আমলে তৈরি তিনধারিয়া ওয়ার্কশপ।

দার্জিলিং হিমালয়ান রেলওয়ে বা ডিএইচআর নামের সঙ্গে জুড়ে রয়েছে ঐতিহ্য। কিন্তু তার তিনধারিয়া ওয়ার্কশপটির কৌলিন্য ধরে রাখার লড়াইয়ে এখন মাত্র ৭২ জন কর্মী। ছাঁচে ফেলে টয়ট্রেনের যন্ত্রাংশ তৈরির কাজ বন্ধ হয়েছিল অনেক আগেই। কিন্তু কীভাবে ছাঁচে ফেলে কাজ হত, কী কী যন্ত্রাংশ তৈরি হত, সেই ঐতিহ্য তুলে ধরতে ওয়ার্কশপের ভেতরেই পৃথক একটি ডিসপ্লে সেন্টার ছিল। কিন্তু সময়ের সঙ্গে ওই ডিসপ্লে সেন্টারও তুলে দেওয়া হয়েছে। শুধু কয়েকটি ছাঁচে তৈরি যন্ত্রাংশ একটি আলমারিতে রাখা। বাকি যে সমস্ত মডেল ছিল, সেগুলি সব এদিক-ওদিক ছড়িয়ে-ছিটিয়ে। যদিও এসবের মাঝে আশার আলো বলতে, কাজের সুবিধার জন্য ওভারহেড ক্রেন আসছে তিনধারিয়া ওয়ার্কশপে। ইঞ্জিন ডিসমেন্টাল (সমস্ত যন্ত্র খুলে ফেলা) করার সময় বড় বড় যন্ত্রাংশ, এদিক-ওদিক করার জন্য এই ক্রেন ব্যবহার করা হবে। ডিএইচআরের ডিরেক্টর ঋষভ চৌধুরীর বক্তব্য, 'নতুন ডিজেল ইঞ্জিন এসেছে। ইঞ্জিনটির সমস্তরকম পরীক্ষা হবে তিনধারিয়া রেল ওয়ার্কশপে। এছাড়াও ওয়ার্কশপে আরও কিছু প্রয়োজনীয় সামগ্রী আসতে চলেছে।'

১৯৪২ এবং '৪৩ সালে পাহাড়ের শ্রমিক আন্দোলনকে রুপালি পর্দার মাধ্যমে দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে দিতে চিত্র পরিচালক তপন সিংহ ১৯৭০ সালে তৈরি করেছিলেন 'সাগিনা মাহাতো'। দিলীপকুমার এবং অভিনেত্রী সায়রা বানু অভিনীত এই সিনেমা বক্স অফিসে হইচই ফেলে দিয়েছিল। আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের জন্যও মনোনীত হয়েছিল ছবিটি। এই ছবির শুটিং হয়েছিল ওয়ার্ল্ড হেরিটেজ তিনধারিয়া ওয়ার্কশপেই। ওই সময় ওয়ার্কশপটিতেই তৈরি হত টয়ট্রেনের যন্ত্রাংশ। ৩৫০-এরও বেশি কর্মী নিয়ে সেইসময় কাজ হত ওয়ার্কশপে। মাঝে একবার ওয়ার্কশপের একটা অংশ পুরোপুরি ধসে যায়। ব্যাপক ক্ষয়ক্ষতি হয় রেলের। ধসের পর ওয়ার্কশপের পরিধি কমে আসে। কমেছে কর্মীর সংখ্যাও। চোখের আড়াল হচ্ছে ঐতিহ্যের স্মারক।

এই মুহূর্তে তিনধারিয়া রেল ওয়ার্কশপে তিনটি স্টিম লোকোমোটিভ ইঞ্জিনের মেরামত চলছে। ইঞ্জিন নম্বর ৮০১, ৮০২ এবং ৮০৬-এর মেরামতির কাজ চলছে। প্রথমে ৮০১ এবং ৮০৬-এর কাজ হচ্ছে। তাই দুটি ইঞ্জিনকে পুরোপুরি ডিসমেন্টাল করে দেওয়া হয়েছে। জানা গিয়েছে, ইঞ্জিনগুলির বার্নারের অবস্থাও খুব একটা ভালো নয়। শতাব্দীপ্রাচীন ইঞ্জিন হওয়ায় একাধিক যন্ত্রাংশের অবস্থাও ভালো নয়। কিন্তু এই মুহূর্তে বার্নারের বদল হচ্ছে না। মেরামত করে ওই বার্নারই লাগানো হবে। বছর সাতেক আগে দুটি ইঞ্জিনের বার্নারের বদল করা হয়েছিল। কিন্তু এরপর থেকে আর কোনও ইঞ্জিনের বার্নার পরিবর্তন হয়নি। ওয়ার্কশপ থেকে চাহিদার তালিকা ওপরমহলে পাঠানো হয়েছে বলে জানা গিয়েছে। তাই আপাতত অন্যান্য ছোটখাটো যন্ত্রাংশ বদলেই ওই ইঞ্জিনগুলি চালানো হবে বলে ওয়ার্কশপ সূত্রে খবর। কিন্তু এভাবে আর কতদিন?



চলছে ইঞ্জিন মেরামতি। তিনধারিয়া ওয়ার্কশপে। সোমবার।



- ডিএইচআরের তিনধারিয়া ওয়ার্কশপের ইতিহাস মলিন হচ্ছে সময়ের সঙ্গে
- ছাঁচে ফেলে কীভাবে যন্ত্রাংশ তৈরি হত, প্রামাণ্য হারিয়েছে ডিসপ্লে সেন্টার উধাওয়ে
- কৌলীন্য ধরে রাখার লড়াই ৭২ জন কর্মীর কাঁধে, নেই প্রয়োজনীয় যন্ত্রাংশ
- আশার আলো, ইঞ্জিন ডিসমেন্টাল করার জন্য মিলবে ওভারহেড ক্রেন

# বিজেপির বিরুদ্ধে পথে তৃণমূল

**নকশালবাড়ি, ৭ জুলাই :** টিয়া হত্যাকাণ্ডে নয় নাবালককে বেঁধে মারধরের ঘটনায় ধৃত বিজেপির শ্রমিক নেতা নন্দলাল রাউতিয়ার বিরুদ্ধে সোমবার পথে নামল দার্জিলিং জেলা তৃণমূল কংগ্রেস। ওই নাবালকদের মিছিলের সামনে রেখে গোটা নকশালবাড়ি পরিক্রম করল শাসকদল। উপস্থিত ছিলেন দলের জেলা চেয়ারম্যান সঞ্জয় টিব্রুয়াল, শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ, প্রাক্তন বিধায়ক শংকর মালাকার, পাপিয়া ঘোষ প্রমুখ। সঞ্জয় টিব্রুয়াল বলেন, 'মুখ্যমন্ত্রীকে বিষয়টি জানানো হয়েছে। তিনি নাবালকের পরিবারকে সবরকম সাহায্যের আশ্বাস দিয়েছেন। এটা উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ কিংবা হরিয়ানা নয় যে দলিত, আদিবাসীদের ওপর বিজেপির নেতারা অত্যাচার করলে ছাড়া পেয়ে যাবেন। আমরা অভিযুক্তের কঠোর থেকে কঠোরতম শাস্তি চাই।' মিছিল থেকেই সভাধিপতি আগামী বিধানসভা ভোটে দলের কর্মীদের সংযত থাকার বার্তা দেন। তিনি বলেন, 'মানুষ মেরে, জাতপাতের নামে অশান্তি সৃষ্টি করে ক্ষমতা দখল করা যায় না। মানুষের সেবা করে ক্ষমতায় আসতে হবে।' তৃণমূলের অভিযোগ, নন্দলাল স্বামী-স্ত্রীর বিচ্ছেদের নাম করে নকশালবাড়ির একাধিক ব্যক্তির থেকে টাকা আদায় করেছেন।

যদিও নকশালবাড়ি-মাটিগাড়ার বিজেপি বিধায়ক আনন্দময় বর্মন বলেন, 'তৃণমূলের কাছে কোনও ইস্যু নেই। তাই এসব করছে। ছেলেগুলোও টিয়া পাখি মেরে ভুল করেছে। আর যিনি মেরেছেন, তিনিও ভুল করেছেন। দু'পক্ষই আদিবাসী সম্প্রদায়ের। এখানে জাতপাতের কোনও ব্যাপার নেই।' তাঁর সংযোজন, 'আমাদের মণ্ডল সভাপতির নামে যে অডিও ভাইরাল হয়েছে, সেটাও সম্পূর্ণ মিথ্যা। সাইবার ক্রাইমে দ্রুত মামলা করা হবে।' গত বুধবার নকশালবাড়ি সাতভাইয়া চা বাগানে টিয়া হত্যার অভিযোগে নয়জন নাবালককে পাঁচ ঘণ্টা আটকে রেখে বেধড়ক মারধর করেন নন্দলাল বলে অভিযোগ। রায়পাড়ার বাসিন্দা প্রশান্ত তিরকি নামে এক নাবালক জখম হয়।

### নাবালকদের মারধর

# স্বেচ্ছাশ্রমে সাঁকো তৈরি

## কেউ কথা রাখেনি, ভোট বয়কটের হুঁশিয়ারি

কার্তিক দাস

**খড়িবাড়ি, ৭ জুলাই :** কেটে গেল কুড়িটা বছর। অথচ ছবিটা বদলাল না। এবারও বর্ষার শুরুতেই জলের তোড়ে ভেঙে পড়ল খড়িবাড়ি ব্লকের রাজঘাট বুন নদীর সাঁকো। আর প্রশাসনের অপেক্ষা না করে, নিজেরাই চাঁদা তুলে কাঁধে কাঁধ মিলিয়ে স্বেচ্ছাশ্রমে সাঁকো তৈরির কাজ শুরু করলেন গ্রামবাসীরা। স্থায়ী সেতুর দাবিতে তাঁরা আগামী বছরের বিধানসভা নির্বাচন বয়কটের হুঁশিয়ারিও দিলেন সোমবার।

খড়িবাড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি রত্না রায় সিংহ সেতুর প্রয়োজনীয়তার বিষয়টি স্বীকার করে বলেন, 'ব্রিজ তৈরি করতে যত টাকা প্রয়োজন, তা পঞ্চায়েত সমিতির পক্ষে খরচ করা সম্ভব নয়।' এ বিষয়ে শিলিগুড়ি মহকুমা পরিষদের কাছে অনুরোধ করা হয়েছে বলে তিনি জানান।

শিলিগুড়ি মহকুমা পরিষদের কর্মাধ্যক্ষ কিশোরীমোহন সিংহ বলেন, 'ব্রিজ তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। সেচ দপ্তরের মাধ্যমে ব্রিজটি করা হবে।'

প্রতি বছর বর্ষা এলেই খড়িবাড়ি ব্লকের রাজঘাট বুন নদীর সাঁকো জলের তোড়ে ভেঙে যায়। এবারও একই ঘটনা ঘটল। সাঁকো ভেঙে যাওয়ায় চরম ভোগান্তির শিকার এলাকাবাসীরা। অভিযোগ, কুড়ি বছর ধরে বিভিন্ন সময়ে প্রশাসনের বিভিন্ন মহলে আবেদন করেও কোনও লাভ হয়নি।

হরিশ্চন্দ্র সিংহ নামে এক স্থানীয় বাসিন্দা তীব্র ক্ষোভ প্রকাশ করে বলেন, 'ভোট এলে সব দলের নেতারা প্রতিশ্রুতি দেয়। কিন্তু ভোট মিটে গেলে কারোর টিকি খুঁজে পাওয়া যায় না। এবারও সাঁকোটি ভেঙে যাওয়ার পর সমস্ত জায়গায় জানানো হয়েছে। কেউ দেখতে পর্যন্ত আসেননি।'

বুড়াগঞ্জ ও রানিগঞ্জ পানিশালি গ্রাম পঞ্চায়েতের সংযোগস্থল দিয়ে বয়ে গিয়েছে বুন নদী। নদীর একদিকে বুড়াগঞ্জের রাজঘাট। অপরদিকে রানিগঞ্জ গ্রাম পঞ্চায়েতের কেলাবাড়ি। দুই পঞ্চায়েত এলাকার লেধারামজোত, বাঘাজোত, কামরাঙ্গাগুড়ি, টুপাজোত, কেলাবাড়ি ও বলাইঝোরা গ্রামের প্রায় দশ হাজার মানুষ নদীতে ব্রিজ না থাকায় সমস্যায় ভুগছেন।

স্থানীয় বাসিন্দা বিজয় মাহাতো বলেন, 'পঞ্চায়েত, খড়িবাড়ি বিডিও অফিস, শিলিগুড়ি মহকুমা পরিষদ সব জায়গায় স্থায়ী পাকা ব্রিজ তৈরির জন্য আবেদন করা হয়েছে। কিন্তু কেউ কাজ করেনি।'

সাঁকো ভেঙে গেলে খড়িবাড়ি ডোহাগুড়ি মোড় দিয়ে প্রায় ছয় থেকে সাত কিলোমিটার ঘুরপথে অধিকারী কিংবা বাতাসিতে যেতে হয়। স্কুল-কলেজের পড়ুয়ারা বিশেষ করে সমস্যায় পড়েন। এলাকাবাসীদের বক্তব্য, বুন নদীতে ব্রিজ তৈরি হলে হাসপাতাল, স্কুল, হাটবাজার ও রেলস্টেশনে যাতায়াতে অনেকটাই সুবিধা হবে। রাজঘাট প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নারায়ণচন্দ্র সিংহ বলেন, 'মানুষের স্বার্থে ওখানে ব্রিজ দরকার। বর্ষায় সাঁকো ভেঙে গেলে বহু পড়ুয়া স্কুলে যেতে পারে না।'



রাজঘাটে বাঁশের সাঁকো তৈরি করছেন বিক্ষুব্ধ গ্রামবাসী।

> ভোট এলে সব দলের নেতারা প্রতিশ্রুতি দেয়। কিন্তু ভোট মিটে গেলে কারোর টিকি খুঁজে পাওয়া যায় না। এবারও সাঁকোটি ভেঙে যাওয়ার পর সমস্ত জায়গায় জানানো হয়েছে। কেউ দেখতে পর্যন্ত আসেননি।
>
> **হরিশ্চন্দ্র সিংহ**
> *স্থানীয় বাসিন্দা*



## জলকাদায় ভোগান্তি হাটে

**চোপড়া, ৭ জুলাই :** একাধিক সমস্যায় ধুঁকছে চোপড়া হাট। হাটের ভেতরে শেডটির জরাজীর্ণ অবস্থা। বৃষ্টির জল আটকাতে ব্যবসায়ীদের একাংশ নিজেরা প্লাস্টিক টাঙিয়ে নিয়েছেন। অল্প বৃষ্টি হলে জলকাদায় দুর্ভোগ পোহাতে হয় স্থানীয়দের। হাটের ভেতরের নিকাশিনালার জল উপচে রাস্তায় জমে থাকে। বেশি বৃষ্টি হলে সেই জল এলাকাবাসীর বাড়িতে ঢুকে যায়। চোপড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান জিয়ারুল রহমান বলেন, 'গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে হাটের শেডের সমস্যার বিষয়টি নিয়ন্ত্রিত বাজার সমিতির নজরে আনা হয়েছে। এছাড়া নিকাশি ব্যবস্থার সমস্যা মেটাতে গ্রাম পঞ্চায়েতের তরফে উদ্যোগ নেওয়া হবে।'

ব্যবসায়ীদের অভিযোগ, হাটের ভেতরে সঠিক নিকাশি ব্যবস্থা না থাকায় জল জমে যায়। জমা জলের দুর্গন্ধে তাঁরা অতিষ্ঠ। হাটের সঙ্গে সংযোগকারী রাস্তাটির অবস্থা শোচনীয়। এলাকার বাসিন্দাদের মধ্যে বিকাশ নাথ বলেন, 'প্রায় দু'দশক ধরে হাটের এই রাস্তাটি সংস্কার করা হয়নি। বর্ষাকালে রাস্তায় জল দাঁড়িয়ে থাকে।' ইতিমধ্যে বিভিন্ন মহল থেকে রাস্তা সংস্কারের দাবিতে অনেকে সরব হয়েছেন। হাটের এক ব্যবসায়ী নুরুল হক বলেন, 'হাটের শেডটি খুব দুর্বল হয়ে গিয়েছে। যে কোনও সময় শেডটি ভেঙে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।' একই কথা জানান আরেক ব্যবসায়ী সুজন বসাক।

## প্রচার মিছিল

**চোপড়া, ৭ জুলাই :** ৯ জুলাই ধর্মঘট সফল করতে চোপড়ায় সিটু এবং আইএনটিইউসি যৌথভাবে ব্লক স্ট্রাইক কমিটি গঠন করেছে। সোমবার চোপড়া সদরে এই ব্লক স্ট্রাইক কমিটির ডাকে ধর্মঘটের সমর্থনে প্রচার মিছিল বের করা হয়। এদিনের প্রচার মিছিলে ছিলেন সিটুর উত্তর দিনাজপুর জেলা সম্পাদক স্বপন গুহনিয়োগী, কংগ্রেস নেতা অশোক রায়, সিপিএম নেতা বিদ্যুৎ তরফদার, কংগ্রেসের ব্লক সভাপতি মহম্মদ মসিরউদ্দিন প্রমুখ।

## চোপড়ায় মেলা

**চোপড়া, ৭ জুলাই :** মহরম উপলক্ষ্যে শতাব্দীপ্রাচীন মেলা বসে চোপড়া ব্লকের ভৈষপিটা খালপাড়া এলাকায়। সোমবার সেখানেই লাঠিখেলার জমজমাট আয়োজন দেখেন স্থানীয় বাসিন্দারা।

### রবিবারে রক্তদান, ছয় বছর ধরে চাকরির চেষ্টা

# তরুণীর ঝুলন্ত দেহ, মৃত্যুতে রহস্য

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ৭ জুলাই :** এক তরুণীর ঝুলন্ত দেহ উদ্ধার হল সোমবার দুপুরে। মৃত জয়া বর্ধন (২৬) পুরনিগমের ২৩ নম্বর ওয়ার্ডের সূর্যনগর মাঠ সংলগ্ন এলাকার বাসিন্দা। কী কারণে এমন ঘটনা ঘটল, তা নিয়ে ধন্দে পরিবার। শোকস্তব্ধ পরিজন, পাড়াপ্রতিবেশী। শিলিগুড়ি থানার পুলিশ এসে জয়াকে শিলিগুড়ি জেলা হাসপাতালে নিয়ে যায়। কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন। মঙ্গলবার ময়নাতদন্তের জন্য দেহ উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানোর কথা।

তরুণীর ছোটবেলা থেকেই মা ও বাবা আলাদা থাকতে শুরু করেছিলেন। বাবার বাড়িতে ছেলেমেয়েকে নিয়ে ওঠেন কাকলি বর্ধন। সংসার সামলানোর পাশাপাশি পরম আদরযত্নে বড় করেছেন দুই সন্তানকে। আর্থিক অসচ্ছলতা ছিল সংসারের নিত্যসঙ্গী। কাকলি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে রান্না করে যেটুকু আয় করতেন, তা দিয়ে ভাইবোনের লেখাপড়ার পাশাপাশি অন্য খরচ চলত। বছর দুয়েক আগে ছেলে বিশ্বরূপ বর্ধন পুলিশে চাকরি পান।

ছোট থেকে মেধাবী হিসেবে পরিচিত ছিলেন জয়া। কলেজে পড়ার সময় থেকেই সরকারি চাকরির পরীক্ষা দিয়ে যাচ্ছিলেন একের পর এক। কাকলির আশা ছিল, ছেলের মতো মেয়েও সাফল্যের মুখ দেখবে। সামনেই একটি পরীক্ষা ছিল জয়ার। প্রস্তুতি চলছিল জোরকদমে। রবিবার একটি শিবিরে গিয়ে রক্তদান করে আসেন তিনি। তারপর এদিনের ঘটনায় অবাক গোটা পাড়া।

দুপুরে অঙ্গনওয়াড়ি কেন্দ্র থেকে ফিরে ঘরের দরজা খুলতেই আঁতকে ওঠেন কাকলি। চোখের সামনে তখন ঝুলন্ত অবস্থায় একমাত্র মেয়ে। বাঁচাতে ছুটে গিয়েছিলেন। কিন্তু ততক্ষণে হয়তো অনেকটা দেরি হয়ে গিয়েছে। 'আমার মেয়েটা এভাবে চলে যেতে পারে না', বলতে বলতে জ্ঞান হারাচ্ছিলেন বারবার।

ভক্তিনগর ট্রাফিক গার্ডে তখন ডিউটিরত বিশ্বরূপ। ফোনে খবর শুনে কিছুক্ষণের মধ্যেই বাড়ি পৌঁছালেন। পরিচিত এক বন্ধুকে শুধু একটি কথা বলেই বসে পড়লেন তিনি, 'সব শেষ হয়ে গেল।'

তদন্তকারীদের প্রাথমিক অনুমান, জয়া আত্মহত্যা করেছেন। তবে ময়নাতদন্তের রিপোর্ট এলে সঠিক কারণ জানা যাবে। প্রতিবেশীদের প্রশ্ন, যদি সত্যিই জয়া আত্মহত্যা করেন, তবে কোন কারণে এমন সিদ্ধান্ত? কোনও কারণে অবসাদ নাকি অন্য রহস্য? দাদা কাঁদতে কাঁদতে শুধু বললেন, 'কিছুই বুঝতে পারছি না। কেন এমন করল।'



*মৃতার বাড়ির সামনে অ্যাম্বুল্যান্স। সূর্যনগর মাঠের কাছে। সোমবার।*

**শোকের ছায়া**

- ছোট থেকেই মেধাবী হিসেবে পরিচিত জয়া
- কাজ থেকে ফিরে দরজা খুলে মা মেয়েকে ঝুলন্ত অবস্থায় দেখেন
- পরীক্ষার জন্য রেসিডেন্সিয়াল সার্টিফিকেট নেওয়ার কথা ছিল এদিন
- একটি পা খাটের সঙ্গে ঠেকানো ছিল, অপরটি ছুঁয়েছিল মাটি
- পুলিশের প্রাথমিক অনুমান আত্মহত্যা, তদন্ত চলছে

ওয়ার্ড কাউন্সিলার লক্ষ্মী পাল এসেছিলেন জয়াদের বাড়িতে। তাঁর কথায়, 'শনিবারই জয়া এসেছিলেন কাউন্সিলারের কার্যালয়ে। পরীক্ষা দিতে নাকি রেসিডেন্সিয়াল সার্টিফিকেট দরকার। কথা হয়েছিল। সেইমতো পুরনিগমের সেক্রেটারির স্বাক্ষর করা সার্টিফিকেট আজ ওর নেওয়ার কথা। এরমধ্যেই এমন ঘটনা ঘটে গেল।'

কাকলি দরজা খুলে ভেতরে ঢুকে দেখেন, সিলিংয়ের লোহার কাঠামোর সঙ্গে গলায় দড়ি বাঁধা অবস্থায় ঝুলে রয়েছেন জয়া। তদন্তকারীদের অনুমান, শেষমুহূর্তে বাঁচার চেষ্টা করেছিলেন জয়া। কারণ, একটি পা বাঁকা অবস্থায় খাটের ওপর ঠেকানো। আর একটি পা মাটিতে নেমে এসেছিল। স্থানীয় মদন ভট্টাচার্যর কথায়, 'রবিবার মেয়েটি রক্তদান শিবিরে অংশ নিয়েছিল। ওকে দেখে তো মনে হয়নি যে দুশ্চিন্তা করছে বা বড় সমস্যা হয়েছে।'

ঘটনাকে ঘিরে রহস্য ঘনাতে শুরু করেছে। অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে তদন্ত করছে পুলিশ। শান্তশিষ্ট, সকলের প্রিয় মেয়েটা যে এভাবে চলে যাবে, তা কিছুতেই মানতে পারছেন না পাড়ার লোকজন।

## দুই গাড়ির সংঘর্ষে নিহত

**বাগডোগরা, ৭ জুলাই :** আমবোঝাই একটি পিকআপ ভ্যানের সঙ্গে ট্রাকের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল একজনের। আহত দুইজন। জখমদের উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে। তিনজনই পিকআপ ভ্যানে ছিলেন।

মৃতের নাম গুড্ডুকুমার যাদব। তিনি বিহারের ছাপড়ার বাসিন্দা। আহতদের একজন পিকআপ ভ্যানের চালক, অপরজন আরোহী। গুড্ডুকুমার চালকের পাশেই বসেছিলেন। দুর্ঘটনাটি ঘটে বাগডোগরার কাছে এশিয়ান হাইওয়ে টু সড়কের ওপর সঙ্গীঝোরা চা বাগানের সামনে। সোমবার ভোর সাড়ে ৫টা নাগাদ বিহার থেকে ভ্যানটি শিলিগুড়ির নিয়ন্ত্রিত বাজারের উদ্দেশে যাচ্ছিল। দুর্ঘটনার জেরে ওই গাড়ি আংশিকভাবে দুমড়ে-মুচড়ে গিয়েছিল। বাগডোগরা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পিকআপ ভ্যানের ভেতরে আটকে পড়া তিনজনকে উদ্ধার করে। মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হলে গুড্ডুকুমারকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকরা। দুটি গাড়ি হেপাজতে নিয়েছে পুলিশ।

## ত্রাণশিবিরে দুষ্কৃতী ঠেক

**চাকুলিয়া, ৭ জুলাই :** ত্রাণশিবির এখন আর প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের আশ্রয় দেয় না। বরং ত্রাণশিবির এখন দুষ্কৃতীদের আস্তানা। আর ভবনের দেওয়াল হয়ে উঠেছে ঘুঁটে লেপার জায়গা। চাকুলিয়া হাইস্কুল সংলগ্ন ভবনটিতে রাতের অন্ধকার নামলেই বসছে মদ, জুয়ার আসর।

যদিও গোয়ালপোখর-২ ব্লকের বিডিও সুজয় ধর বলেন, প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে। চাকুলিয়া পঞ্চায়েত সমিতির সদস্যা দিলরুবা খাতুন বলেন, 'ত্রাণশিবিরটি পুনরুদ্ধারের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রস্তাব পাঠানো হয়েছে।' বাম আমলে নির্মিত ত্রাণশিবিরটি রক্ষণাবেক্ষণের অভাবে কার্যত ধ্বংসস্তূপের চেহারা নিয়েছে।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, এই অবস্থার জন্য প্রশাসনের উদাসীনতা মূলত দায়ী। এলাকার রতন দাস বলেন, 'প্রশাসন সময়মতো ব্যবস্থা নিলে ভবনটি আবার জনকল্যাণে ব্যবহার করা যেত।' চাকুলিয়া হাইস্কুলের প্রধান শিক্ষক বাসুদেব দে'র কথায়, 'দুষ্কৃতীদের তাণ্ডব স্কুলের পড়ুয়াদের উপরও নেতিবাচক প্রভাব ফেলছে। এজন্য আমরা উদ্বিগ্ন। অনেক সময় স্কুলের আনাচে-কানাচে দুষ্কৃতীদের ফেলে রাখা মদের বোতল পড়ে থাকতে দেখা যায়।'

চাকুলিয়ার প্রাক্তন বিধায়ক আলি ইমরান রমজ ওরফে ভিক্টর বলেন, 'রাজ্যের প্রাক্তন মন্ত্রী হাফিজ আলম সইরানির উদ্যোগে ত্রাণশিবিরটি নির্মাণ করা হয়েছিল। এখন সরকারের উদাসীনতায় ভবনটি পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে।' ভবনটিকে উন্নয়নমূলক কাজে ব্যবহারের জন্য সরকারের নজর দেওয়া উচিত বলে মনে করেন প্রাক্তন বিধায়ক।





পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

**সবে মিলে দেখি ফোন।।**
*ইসলামপুরে ছবিটি তুলেছেন আরিফ আলম।*

### জল কিনে খান বাসিন্দারা

# তৃষ্ণার্ত তরিবাড়ি, রাজফাঁপড়ি

**শিলিগুড়ি, ৭ জুলাই :** এলাকায় বেড়েছে বসতি। পর্যটকদের আনাগোনা বাড়ায় একের পর এক রেস্তোরাঁ গজিয়ে উঠেছে। অথচ এই এলাকায় পানীয় জলের সুষ্ঠু কোনও ব্যবস্থা এখনও গড়ে ওঠেনি। এই পরিস্থিতিতে পানীয় জলের সমস্যায় ভুগছেন ডাবগ্রাম (১) গ্রাম পঞ্চায়েতের তরিবাড়ির বাসিন্দারা।

শুধু ওই এলাকাই নয়, রাজফাঁপড়ি এলাকাতেও পানীয় জলের সংকটে প্রাণ ওষ্ঠাগত স্থানীয়দের। গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান অভিরাম সাইবো বলছেন, 'তরিবাড়িতে পানীয় জলের সমস্যা মেটাতে জলের ট্যাংকের জন্য টেন্ডার করা হয়েছে। রাজফাঁপড়ি এলাকায় জলের ট্যাংক বসানোর মতো জায়গা নেই। তাই সেখানে জলের সমস্যা মেটাতে আলাদা ব্যবস্থা করা হচ্ছে।'

মূলত জঙ্গলে ঘেরা ডাবগ্রাম (১) গ্রাম পঞ্চায়েত এলাকার তরিবাড়ি ও রাজফাঁপড়ি এলাকায় আগের থেকে বসতি অনেকটাই বেড়েছে। আধুনিকতার সঙ্গে তাল মেলাতে ক্যাফে, রেস্তোরাঁ তৈরি হয়েছে। সাধারণ মানুষ ঘুরতে এসে দুই জায়গাতেই খাওয়াদাওয়া সারছেন। কিন্তু জলের ব্যবস্থা করতে হিমসিম খাচ্ছেন এলাকার সাধারণ মানুষ থেকে রেস্তোরাঁ, ক্যাফের ব্যবসায় স্বনির্ভর হয়ে ওঠা এলাকার মানুষ। সোমবার তরিবাড়ির স্থানীয় বাসিন্দা অর্চনা থাপা বলেন, 'এলাকায় একসময় কুয়োর জলই ছিল পানীয় জলের উৎস। পরবর্তীতে কুয়োর জল শুকিয়ে যাওয়ায় এলাকায় জলকষ্ট বাড়তে থাকে। নতুন করে জলের সেরকম কোনও ব্যবস্থা না হওয়ায় অনেকসময় আমাদের জল কিনে খেতে হয়। এলাকার অধিকাংশ মানুষই সামান্য চাষবাস করে দিন কাটানোয় তাঁদের জল কিনে খাওয়ার সামর্থ্য থাকে না। ফলে অনেকসময় তাঁরা নদী থেকে জল নিয়ে প্রয়োজন মেটাচ্ছেন।'

নাগরিক সমস্যা

একই কথা বলছিলেন এলাকার আর এক বাসিন্দা পবিত্র রায়। পবিত্র ঘরের জায়গার একপাশে একটি রেস্তোরাঁ খুলেছেন। পবিত্র বলেন, 'বাইরে থেকে রোজ জল কিনে আনতে হয়। তাছাড়া অন্য কোনও উপায় থাকে না।'

একই কথা বলছিলেন রাজফাঁপড়ির বাসিন্দা ইন্দ্র রাই। তিনি বলেন, 'এলাকায় পানীয় জলের জন্য অনেকসময় শহর এলাকায় যেতে হয়। তাছাড়া তো অন্য কোনও উৎস থাকে না। এভাবে আর কতদিন চলবে, সত্যিই জানা নেই।' উপপ্রধান অবশ্য বলছেন, 'পানীয় জলের সমস্যার যত দ্রুত সম্ভব সমাধানের চেষ্টা করা হচ্ছে।'

## ভাইকে খুন, গুজরাটে গ্রেপ্তার

**গোয়ালপোখর, ৭ জুলাই :** জমি সংক্রান্ত বিবাদের জেরে খুড়তুতো ভাই আনওয়ারুল হককে খুনের অভিযোগ ওঠে লাল মহম্মদের বিরুদ্ধে। ঘটনাটি গোয়ালপোখর থানার গোয়াবাড়ি চেনপুরের। পুলিশ মহম্মদ খিজির নামে লালের এক শাগরেদকে গ্রেপ্তার করলেও মূল অভিযুক্ত লাল পলাতক ছিলেন। দীর্ঘ এক মাস পর অবশেষে পুলিশের জালে ধরা পড়লেন তিনি।

শুক্রবার গুজরাটে অভিযান চালিয়ে লাল মহম্মদ, তাঁর স্ত্রী, ছেলে ও মেয়েকে গ্রেপ্তার করেন তদন্তকারীরা। তাঁদের ট্রানজিট রিমান্ডে নিয়ে রবিবার রাতে আনা হয় গোয়ালপোখর থানায়। সোমবার ইসলামপুর আদালতে তোলা হলে বিচারক সাতদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেন।

আনওয়ারুল ও লালের মধ্যে জমি নিয়ে দীর্ঘদিনের বিবাদ। আনওয়ারুলের পরিবারের অভিযোগ, আমিনের নির্ধারিত সীমানায় প্রাচীর তুলতে গেলে লাল লোকজন সঙ্গে এনে বাধা দেন কাজে। এরপর দু'পক্ষের ঝামেলা চলাকালীন রডের আঘাতে জ্ঞান হারান আনওয়ারুল। তাঁকে প্রথমে ইসলামপুর হাসপাতাল, পরে শিলিগুড়ির একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। ২৬ মে রাতে মৃত্যু হয় তাঁর। ঘটনার দিন থেকে মূল অভিযুক্ত লাল পরিবার নিয়ে পলাতক ছিলেন। মোবাইল নম্বর ট্র্যাক করে অভিযুক্তদের গতিবিধির উপর নজরদারি চালাচ্ছিল পুলিশ। খবর আসে, সুরাটে পরিবার নিয়ে আত্মগোপন করে রয়েছেন লাল। অবশেষে গুজরাটের পুলিশের সহযোগিতায় তাঁদের পাকড়াও করা হয়।

এদিন স্থানীয় মহম্মদ রাহিমুদ্দিন বললেন, 'এক ভাই আর এক ভাইকে খুন করবে, ভাবতেই পারি না। এটা জঘন্যতম অপরাধ। দৃষ্টান্তমূলক শাস্তি হওয়া উচিত। পুলিশ কী পদক্ষেপ করে, সেদিকে নজর রাখছি আমরা।'

## টনক নড়ল, খাবারের দোকানে হানা

**শিলিগুড়ি, ৭ জুলাই :** সোমবার সকালে উত্তরবঙ্গ সংবাদে 'রেস্তোরাঁয় যাওয়ার সময় নেই' প্রকাশিত খবরটি পড়েই টনক নড়ে গিয়েছিল প্রশাসনের। খাবারের মান যাচাইয়ে এদিন বিকালে ফের ময়দানে নামল স্বাস্থ্য দপ্তর এবং পুরনিগমের যৌথ প্রতিনিধিদল। স্টেশন ফিডার রোডে অভিযান চালানো হয়।

অভিযোগ ছিল, রাস্তার পাশে খাবারের দোকানগুলোতে স্বাস্থ্যবিধি মানা হচ্ছে না। সেজন্যই এদিন খাদ্য সুরক্ষা আধিকারিকের উপস্থিতিতে পুরনিগমের স্যানিটারি ইনস্পেকটররা অভিযানে বের হন। একাধিক দোকান থেকে খাবার ও রান্নার উপকরণের নমুনা সংগ্রহ করা হয়। পাশাপাশি দোকানগুলো থেকে প্লাস্টিক ক্যারিব্যাগ বাজেয়াপ্ত করেন আধিকারিকরা।

পরবর্তীতে পুরনিগমের স্যানিটারি ইনস্পেকটর রাজ ঘোষ বলেন, 'ওই এলাকার খাবার নিয়ে নির্দিষ্ট কিছু অভিযোগ ছিল। সেজন্য নমুনা সংগ্রহ করা হল। এসব পরীক্ষার জন্য ল্যাবরেটরিতে পাঠানো হচ্ছে।' মানুষের স্বাস্থ্য সুরক্ষার কথা মাথায় রেখে খাবারের মান যাচাইয়ে শহরজুড়ে লাগাতার অভিযান চলবে, জানালেন তিনি।

ফুটপাথে থাকা ফুচকা, মোমো সহ অন্যান্য ফাস্ট ফুডের দোকানে অভিযান চালানো হয়েছে। একটি মোমোর দোকানের ভেতরে ঢুকে আগে থেকে বানানো উপকরণের নমুনা সংগ্রহ করেন আধিকারিকরা। দেখা গিয়েছে, একটি দোকানেও ন্যূনতম স্বাস্থ্যবিধি মেনে খাদ্যদ্রব্য তৈরি বা বিক্রির ব্যবস্থা নেই। পুরনিগমের স্যানিটারি ইনস্পেকটর জানিয়েছেন, প্রত্যেককে সতর্ক করা হল এদিন। আগামীতে ফের অভিযান হবে। তখনও যদি নিয়মভঙ্গের ছবি চোখে পড়ে, তবে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।



*পড়ুয়াদের চাপ বাড়ছে সূর্য সেন কলেজে।*

# অর্থবরাদ্দ হয়নি, দ্বিতীয় ক্যাম্পাসের জমি দখল

**তমালিকা দে**

**শিলিগুড়ি, ৭ জুলাই :** ১২ বিঘা জমিতে বিস্তৃত ক্যাম্পাসে স্নাতক থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত নানা বিষয়ে পঠনপাঠনের পরিকাঠামো তৈরির কথা ছিল। সেই কাজ হয়নি। বরং খাঁখাঁ করছে সূর্য সেন মহাবিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস। ২০১৯ সালে শিক্ষা দপ্তর সাহুডাঙ্গি শ্মশানের পাশে সূর্য সেন মহাবিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাস তৈরির জায়গা দেয়। তবে পরিকাঠামো তৈরির অর্থ না মেলায় দ্বিতীয় ক্যাম্পাসের পরিকল্পনা অনিশ্চিত ভবিষ্যতের মুখে। দীর্ঘদিন জমি ফাঁকা থাকায় তা দখল হয়ে যাচ্ছে বলে কলেজ কর্তৃপক্ষের অভিযোগ। সীমানা প্রাচীর নেই, তাই আশপাশে যাঁদের বাড়ি ও দোকান, তাঁরা ধীরে ধীরে দখল করছে দ্বিতীয় ক্যাম্পাসের জমির একাংশ।

এনিয়ে সূর্য সেন কলেজের অধ্যক্ষ ডঃ প্রণবকুমার মিশ্র বললেন, 'দ্বিতীয় ক্যাম্পাস হলে সেখানে পড়ুয়াদের জন্য নানা ধরনের কর্মমুখী কোর্স চালু করার ভাবনা ছিল। কোর্স শেষে যাতে পড়ুয়ারা দ্রুত চাকরি পায়। এছাড়াও স্নাতক এবং স্নাতকোত্তর স্তরে কিছু বিষয় চালুর ভাবনাও ছিল।'

কলেজের অধ্যাপক ডঃ সুফল বিশ্বাস বলেন, 'দ্বিতীয় ক্যাম্পাস নিয়ে পড়ুয়াদের অনেক আশা ছিল। পরিকাঠামো তৈরির জন্য কলেজের তহবিল থেকে এক কোটি টাকা খরচ করা যেতে পারে। বাকি টাকা পাব কোথায়? দ্বিতীয় ক্যাম্পাস তৈরির জন্য উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী উদয়ন গুহের কাছে অধ্যক্ষ আর্থিক সমস্যার কথা জানিয়েছেন। মন্ত্রী জানিয়েছেন, এখন তহবিল নেই।'

কলেজ কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, দ্বিতীয় ক্যাম্পাসের পরিকাঠামো নির্মাণের জন্য প্রায় পাঁচ কোটি টাকার প্রয়োজন। টাকার জন্য শিক্ষা দপ্তরের কাছে বহুবার আবেদন জানিয়েও সাড়া মেলেনি। এখন প্রায় ৯ হাজার পড়ুয়া শিলিগুড়ি পুরনিগমের ৩৪ নম্বর ওয়ার্ডে অবস্থিত সূর্য সেন মহাবিদ্যালয়ে লেখাপড়া করছেন।

শুধু স্থানীয় বাসিন্দারা নন, পাহাড় সহ উত্তরবঙ্গের নানা জায়গা থেকে পড়ুয়ারা এখানে পড়তে আসেন। সবথেকে বড় সমস্যা হল, কলেজের পড়ুয়াদের থাকার কোনও হস্টেল নেই। কলেজ কর্তৃপক্ষ জানিয়েছে, দ্বিতীয় ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের জন্য পৃথক হস্টেল তৈরির পরিকল্পনা ছিল। আর্থিক বরাদ্দ না মেলায় তা এখন বিশবাঁও জলে।

**সূর্য সেন মহাবিদ্যালয়**

১৯৯৮ সালে সূর্য সেন মহাবিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। এরপর থেকে কলেজের উন্নয়নমূলক কাজ কখনও হয়েছে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের সহযোগিতায়, কখনও স্বেচ্ছাসেবী সংস্থার মাধ্যমে। এভাবে লাইব্রেরি, দুটি নতুন শিক্ষাভবন তৈরি করা হয়েছে। পড়ুয়ারা এই কলেজে পড়তে আগ্রহী হওয়ায় নানা নতুন বিষয়ে পঠনপাঠনের জন্য কলেজের পরিচালন সমিতির তৎকালীন সভাপতি প্রয়াত কৃষ্ণ পালের উদ্যোগে দ্বিতীয় ক্যাম্পাস তৈরির জন্য শিক্ষা দপ্তরে আবেদন জানানো হয়েছিল।

## কীটনাশক খেয়ে মৃত্যু কনের

**ময়নাগুড়ি, ৭ জুলাই :** বিয়েতে বসার কিছুক্ষণ আগে কনে কীটনাশক খেলেন। রবিবার রাতে তড়িঘড়ি তাঁকে নার্সিংহোমে নিয়ে যাওয়া হয়। সোমবার সকালে তাঁর মৃত্যু হয়। মৃতার নাম বাবলি রায় (১৮)। বিয়েবাড়ির আনন্দ যে মুহূর্তে বিষাদে পরিণত হবে তা কেউ কল্পনাও করতে পারেননি।

মর্মান্তিক এই ঘটনাটি ময়নাগুড়ি বার্নিশ গ্রাম পঞ্চায়েত এলাকার। জলপাইগুড়ি কোতোয়ালি থানার পুলিশ দেহটি উদ্ধার করেছে। মঙ্গলবার জলপাইগুড়ি সুপারস্পেশালিটি হাসপাতালে দেহটির ময়নাতদন্তর পর পরিবারের লোকেদের হাতে তুলে দেওয়া হবে।

বাবলি ময়নাগুড়ি ব্লকের বার্নিশ গ্রাম পঞ্চায়েতের বাঁশদহ মোড় মেহেড়িপাড়া এলাকার বাসিন্দা ছিলেন। তাঁর সঙ্গে ময়নাগুড়ি রামশাই এলাকার এক তরুণের বিয়ে ঠিক হয়। রবিবার ছিল বিয়ের দিন।

**ময়নাগুড়ি**

কনেকে সাজানোর তোড়জোড় চলছিল। প্রায় ৫০০ জন আমন্ত্রিত ছিলেন। সন্ধ্যা থেকেই আমন্ত্রিতরা আসতে শুরু করেন। এরমধ্যে হঠাৎ সবার নজর এড়িয়ে বাবলি কীটনাশক খেয়ে নেন।

বাড়ির লোকেরা বিষয়টি বুঝতে পেরে বাবলিকে জলপাইগুড়ির একটি নার্সিংহোমে ভর্তি করান। এদিকে, বিয়ের উদ্দেশ্যে রামশাই থেকে পাত্র রওনা হয়ে যান। কিন্তু মাঝপথে কনের বাড়ির তরফে পাত্রের পরিবারকে জানানো হয়, কনে অসুস্থ থাকায় নার্সিংহোমে নিয়ে যাওয়া হয়েছে। তাই বিয়ে হবে না। অগত্যা পাত্রকে ফিরে যেতে হয়। সোমবার সকালে কনের কীটনাশক খাওয়ার ব্যাপারটি জানাজানি হয়।

রবিবার রাতে বাবলিকে নার্সিংহোমে ভর্তির পর সোমবার সকালে তাঁর মৃত্যু হয়। বাবলির জামাইবাবু রাকেশ দাস বলেন, 'কেন এমন ঘটনা ঘটাল সেটা বোঝা যাচ্ছে না। বিয়েতে বসার কিছুক্ষণ আগে বাবলি হঠাৎ অসুস্থ হয়ে পড়লে আমরা তড়িঘড়ি নার্সিংহোমে নিয়ে যাই। কিন্তু শেষরক্ষা হয়নি।'

তবে কী কারণে ওই তরুণী কীটনাশক খেলেন তা স্পষ্ট নয়। বিষয়টির সঙ্গে কোনও প্রণয়ঘটিত ব্যাপার জড়িত কি না তা পুলিশ খতিয়ে দেখছে। সোমবার বাবলির মৃত্যুর খবর পৌঁছাতেই গোটা বাড়ি শোকস্তব্ধ হয়ে পড়ে। পরিবারের লোকেরা কান্নায় ভেঙে পড়েন।

## জলপ্রকল্প নিয়ে ক্ষোভ

**চোপড়া, ৭ জুলাই :** সৌরবিদ্যুৎচালিত পানীয় জলের প্রকল্পের ব্যর্থতায় ক্ষুব্ধ সদর চোপড়ার রবীন্দ্রনগর কলোনি এলাকার বাসিন্দারা। অভিযোগ, এক বছর আগে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সামনে প্রকল্পের উদ্বোধন হলেও পরিষেবা অমিল। পঞ্চায়েত সমিতির তরফে ৩ লক্ষ ৩৯ হাজার ৩৭৫ টাকা খরচ দেখানো হয়। পঞ্চায়েত সদস্য রিতা বিশ্বাস বলেন, 'বিষয়টি মৌখিকভাবে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে জানানো হয়েছে।' পঞ্চায়েত সমিতির সদস্য তনয় কুণ্ডু অবশ্য বলেন, 'খোঁজ নিয়ে দেখা হবে।' অন্যদিকে, স্থানীয় বাসিন্দা অনিল দেবনাথ ও প্রমিলা রাম বলছেন, 'এলাকায় এমনিতেই জলের সমস্যা। কিন্তু প্রকল্পের জল কোনওভাবে ব্যবহার করা যাচ্ছে না।' রবীন্দ্রনগর কলোনি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের কর্মী শীলা কুণ্ডু নাহা বলেন, 'সামনে জলপ্রকল্প থাকলেও পাশের বাড়ি থেকে জল এনে রান্না চলছে।'

## সচেতনতা

**চালসা, ৭ জুলাই :** প্রাকৃতিক বিপর্যয় ও আপৎকালীন পরিস্থিতিতে নিজেকে ও অন্যকে কীভাবে রক্ষা করতে হবে, সেই বিষয়ে সোমবার পড়ুয়াদের নিয়ে একটি সচেতনতা শিবির করা হল। মাল দমকল বিভাগ, সিভিল ডিফেন্স ও মেটেলি থানার উদ্যোগে পূর্ব বাতাবাড়ি সিএম হাইস্কুলে ওই শিবির হয়।



*স্টেশন ফিডার রোডে স্বাস্থ্য দপ্তর এবং পুরনিগমের যৌথ প্রতিনিধিদলের অভিযান। সোমবার। ছবি : সূত্রধর*

# সুরিপাড়ায় 'বরযাত্রী' গজরাজ

**সুভাষ বর্মন**

**শালকুমারহাট, ৭ জুলাই :** ছাঁদনাতলায় বিয়ে চলছে। প্যান্ডেলের ভেতরে তখন বরযাত্রীরা খাচ্ছিলেন। হঠাৎ সেই বিয়েবাড়িতে যেন বরযাত্রী হিসেবে এসে হাজির গজরাজ! রবিবার রাতে আলিপুরদুয়ার-১ ব্লকের শালকুমার-২ গ্রাম পঞ্চায়েতের সুরিপাড়া গ্রামের ঘটনা। জলদাপাড়ার জঙ্গল থেকে বেরিয়ে সেখানকার এক বিয়েবাড়িতে চলে আসে একটি নয়, জোড়া হাতি। একটি হাতি তো একেবারে বিয়েবাড়ির প্যান্ডেলের সামনে চলে এসেছিল। আরেকটি হাতি জঙ্গল ও গ্রামের সীমানায় দাঁড়িয়ে যেন পরিস্থিতি পর্যবেক্ষণ করছিল।

এমন ঘটনায় বিয়েবাড়িজুড়ে হুলুস্থুল পড়ে যায়। পরে অবশ্য গ্রামবাসী ও বনকর্মীদের চেষ্টায় হাতি দুটিকে জঙ্গলে ঢোকানো সম্ভব হয়। তারপর হাঁফ ছেড়ে বাঁচেন বরযাত্রী ও কনের বাড়ির লোকজন। তবে হাতির হানায় কোনও ক্ষয়ক্ষতি হয়নি। কিন্তু সোমবারও এলাকাবাসীর মধ্যে আতঙ্কের ছাপ স্পষ্ট।

জলদাপাড়া পূর্ব রেঞ্জের ধইধইঘাট বিটের পাশেই সুরিপাড়া গ্রাম। সম্প্রতি এই গ্রামে কয়েকবার গন্ডারও চলে এসেছে। আর হাতির হানা অবশ্য নতুন কিছু নয়। মাঝেমধ্যেই হাতি ঢোকে। তবে কোনও বিয়েবাড়ি বা সামাজিক অনুষ্ঠানের জায়গায় এভাবে হাতি চলে আসার ঘটনা আগে কখনও ঘটেনি বলে স্থানীয়রা জানিয়েছেন।

জলদাপাড়া পূর্বের রেঞ্জ অফিসার বিশ্বজিৎ বিশোইয়ের কথায়, 'রোজ রাতেই বনকর্মীদের টিম নজরদারি চালায়। ওখানে হাতি ঢোকার খবর পেয়েই বনকর্মীরা যান। বাকি রাত কড়া নজরদারি চলে। তাই পরে আর হাতি বের হয়নি। এমনিতে কোনও ক্ষয়ক্ষতির খবর নেই।' কনের বাবা প্রকাশ এনিয়ে কোনও মন্তব্য করতে চাননি। বরের বাড়ি শালকুমার-১ গ্রাম পঞ্চায়েতের নতুনপাড়া গ্রামে। নতুনপাড়া গ্রামও জলদাপাড়া জঙ্গল লাগোয়া। বুনোর আনাগোনা সম্পর্কে 'অভিজ্ঞ' তাঁরাও।

রবিবার সন্ধ্যা থেকেই বিয়েবাড়িতে ভিড় উপচে পড়ে। রাতে বরযাত্রীরা আসেন। ছাঁদনাতলায় বিয়ে চলতে থাকে। রাত তখন পৌনে দুটা। হঠাৎ চিৎকার, বিয়েবাড়ির দিকে তেড়ে আসছে হাতি। হইচই পড়ে যায়। কেউ কেউ প্রাণভয়ে লুকোনোর চেষ্টাও করেন। বিয়েবাড়িতে এলাকার লোকজন তো ছিলেনই। তাঁরাই প্রথমে হাতি তাড়ানোর চেষ্টা করেন। সমানে বাজি, পটকা ফাটানো হয়। হাতিকে সার্চলাইট দেখানো হয়। বনকর্মীরাও এলাকায় আসেন। তারপর সবার চেষ্টায় হাতিকে জঙ্গলে ঢোকানো সম্ভব হয়।



*এই বিয়েবাড়িতেই রবিবার রাতে হাতি চলে এসেছিল।*

কয়েক বছর আগেও শিলিগুড়ির ডাম্পিং গ্রাউন্ড পেরিয়ে ডন বসকো মোড় বা জ্যোতিনগরের দিকে যাওয়ার কথা ভাবলেই, যেন নাকে আসত তীব্র ঝাঁঝালো গন্ধ। তা এখন অতীত। তাই অনেকেই সময় কাটানোর জন্য বেছে নিচ্ছেন এলাকাটিকে।

# ক্যাফের আলো জ্যোতিনগরে

ঘরের পাশে সরাইখানা

পারমিতা রায়

**শিলিগুড়ি, ৭ জুলাই :** এখানে ক্যাফে খুললে আসবে কে? একটা সময় এমন প্রশ্নে মাথায় দুশ্চিন্তা ভিড় করলেও, এখন আর কোনও দ্বিধা নেই। নিশ্চিন্তে অনেকেই ব্যবসায় লগ্নি করছেন। কারণ, প্রতিদিন সন্ধ্যায় চা-কফির গন্ধে ম ম করে এলাকা। জমে ওঠে সন্ধ্যাকালীন আড্ডা। চলে দাবার মতো মাইন্ড গেম থেকে তির ছোড়ার মতো পেশিশক্তির প্রদর্শনের লড়াই। অথচ কয়েক বছর আগেও শিলিগুড়ির ডাম্পিং গ্রাউন্ড পেরিয়ে ডন বসকো মোড় বা জ্যোতিনগরের দিকে যাওয়ার কথা ভাবলেই, যেন নাকে আসত তীব্র ঝাঁঝালো গন্ধ। তা এখন অতীত। তাই অনেকেই সময় কাটানোর জন্য বেছে নিচ্ছেন এলাকাটিকে। ভিড় যেমন বাড়ছে, তেমনই বৃদ্ধি ঘটছে ক্যাফের সংখ্যা।

ডন বসকো মোড়ের পাশে জ্যোতিনগরের অলিতেগলিতে এখন নতুনত্বের ছোঁয়া। কেউ ছাদের ওপরে আলোর বাহারে সাজিয়ে তুলেছেন ক্যাফে, তো কেউ আবার ছোট একটি ঘরকেই সাজিয়ে তুলেছেন নতুনভাবে। গ্রাহকদের নজর কাড়তে বিশেষ আকর্ষণ হিসেবে প্রায় প্রতিটি ক্যাফেতেই রাখা আছে নানান ইন্ডোর গেম। শহরের কোলাহল থেকে দূরে একটু ফাঁকা শান্ত পরিবেশে চায়ে চুমুক দিতে অনেকেই পৌঁছে যাচ্ছেন এখানে। যেমন শিলিগুড়ির হাকিমপাড়ার বাসিন্দা রাজদীপ সরকার ইচ্ছে হলেই পৌঁছে যান এখানে, নেই নির্দিষ্ট কোনও সময়। এলাকাটি তাঁর গন্তব্য হয়ে ওঠে মনের ইচ্ছায়। শহরে এত ক্যাফে থাকতে এখানে কেন, প্রশ্ন করতেই তিনি বললেন, 'এখানের ক্যাফেগুলোতে এলে মনে হল রংটং কিংবা দুধিয়ার পাহাড়ের সেই ক্যাফেগুলিতে এসেছি। ওখানের ক্যাফেগুলোর মতোই দেখতে, খাবারের স্বাদেও তেমন তারতম্য নেই।'



জ্যোতিনগরের একটি ক্যাফে।

> এখানের ক্যাফেগুলিতে এলে মনে হল রংটং কিংবা দুধিয়ার পাহাড়ের সেই ক্যাফেগুলিতে এসেছি। ওখানের ক্যাফেগুলির মতোই দেখতে, খাবারের স্বাদেও তেমন তারতম্য নেই।
>
> **রাজদীপ সরকার**
> *হাকিমপাড়ার বাসিন্দা*

অনেক চিন্তা নিয়েই ক্যাফে খুলেছিলেন অর্পণ ছেত্রী। তবে এখন তাঁর মুখের চওড়া হাসিই বলে দিচ্ছে যে, সিদ্ধান্তটা ভুল ছিল না। তিনি বলেন, 'আমি শুরুতে ভেবেছিলাম কেউ আসবে কি না এখানে। তবে এখন তো দেখি স্থানীয় এলাকার থেকে বাইরের ছেলেমেয়েদের ভিড়টাই বেশি। শহরের অন্যান্য জায়গা থেকে গ্রাহকরা আসেন।' খাবারে যেমন একটু নেপালি টাচ রয়েছে, তেমনি গ্রাহকদের মনোরঞ্জনের জন্য রাখা হয়েছে নানান খেলার ব্যবস্থা। তাতে অনেকটা সময় কাটানো যায়। একটি ক্যাফের মালিক শ্রেয়া গুপ্তা বলছিলেন,'আমাদের এলাকায় এখন অনেক ক্যাফে রয়েছে। তবে একটা সময় ছিল, যখন এখানেও যে ক্যাফে হতে পারে, তা অনেকেরই চিন্তার বাইরে ছিল। এলাকার আশপাশে ডাম্পিং গ্রাউন্ড থাকায় এই চিন্তাটাও ছিল স্বাভাবিক।'

শহরের একঘেয়েমি দূর করতে যখন খুব বেশি দূরে যাওয়ার সময় হয়ে ওঠে না, তখন এই ক্যাফেগুলি হয়ে থাকে প্রথম পছন্দের। কলেজ পড়ুয়া স্থানীয় সৌমিক সাহার কথায়, 'আগে তো আমরা বাঘা যতীন পার্ক যেতাম, সময় কাটাতে। এখন উলটো, আমাদের ওদিকের বন্ধুরা এখানে আসে।' মোমো, থুপ্পা, ফালে, শেলরুটি থেকে শুরু করে নেপালি স্টাইল আলুমিমি সবটাই যেন এই ক্যাফেগুলির হট আইটেম। এছাড়া চিকেন গ্রিল, বোবা টি, চিজ কেক সহ আরও অন্যান্য জিনিস তো আছেই। তাই নয়া ডেস্টিনেশন জ্যোতিনগর।

# ডাবগ্রামে ৩০ শয্যার আধুনিক হাসপাতাল

রণজিৎ ঘোষ

**শিলিগুড়ি, ৭ জুলাই :** শিলিগুড়িতে ৩০ শয্যার হাসপাতাল তৈরি করছে পুরনিগম। বহুদিন ধরেই মেয়র গৌতম দেব এই হাসপাতাল তৈরির কথা বলে আসছেন। অবশেষে সোমবার বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে এলাকা ঘুরে দেখার পর মেয়র বললেন, চলতি বছরের ডিসেম্বর মাসের মধ্যে নির্মাণকাজ শুরু হয়ে যাবে। তবে, এই খাতে কত বরাদ্দ সেটা এখনও নিশ্চিত নয়। মেয়র বলেছেন, 'হাসপাতাল ভবনের নকশা দ্রুত কলকাতায় পাঠানোর জন্য বলা হয়েছে। তার ভিত্তিতেই বরাদ্দ এলে তার পরেই নির্মাণকাজ শুরু হবে। দার্জিলিংয়ের মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ তুলসী প্রামাণিক বলেছেন, 'এখানে প্রথম পর্যায়ে ৩০ শয্যার হাসপাতাল তৈরির পরিকল্পনা রয়েছে। পাশাপাশি এখানে চিকিৎসক এবং নার্সদের জন্য আবাসনও তৈরি হবে।'

২৩ নম্বর ওয়ার্ডের ডাবগ্রামে মাতৃসদনের উলটো দিকে পুরনিগমের হাতে প্রায় দুই বিঘা জমি রয়েছে। যে জমিটি দীর্ঘদিন ধরে পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে। সেখানেই ৩০ শয্যার হাসপাতাল তৈরি করবে পুরনিগম। বহুদিন ধরে এই হাসপাতালের কথা পুরকর্তারা বলে এলেও এর বিস্তারিত নকশা এখনও পাঠানো হয়নি। ফলে আর্থিক বরাদ্দ আসেনি। সোমবার দার্জিলিংয়ের মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ তুলসী প্রামাণিক সহ অন্য স্বাস্থ্য আধিকারিক, পুরনিগমের পূর্ত ও স্বাস্থ্য বিভাগের আধিকারিক, একাধিক বিভাগের বাস্তুকার, স্থানীয় কাউন্সিলারকে নিয়ে মেয়র মাতৃসদন এবং তার উলটো দিকের জমি ঘুরে দেখেন। তার পরে মেয়র বলেন, 'এখানে মাতৃসদন ভালোভাবেই চলছে। প্রসূতিদের বিভিন্ন চিকিৎসা পরিষেবা সহ অন্যান্য চিকিৎসার ব্যবস্থাও রয়েছে। এখানে একটি ওষুধের দোকানও খোলা হবে। ২৪ ঘণ্টার জন্য সেই দোকান খোলা থাকবে। মাতৃসদনে একটি আল্ট্রাসনোগ্রাফি মেশিনও বসানো হচ্ছে।' মেয়র বলেন, 'মাতৃসদনের উলটো দিকে আমাদের হাতে একটি জায়গা রয়েছে। সেখানে ৩০ শয্যার পাঁচতলা হাসপাতাল ভবন তৈরি করা হবে। যেখানে প্রতিটি তলে ২০০০ বর্গফুট করে জায়গা থাকবে। অন্তর্বিভাগের চিকিৎসা পরিষেবার পাশাপাশি এখানে সিটি স্ক্যান, এমআরআই পরিষেবা, ব্লাড ব্যাংকের ব্যবস্থাও থাকবে। এখানে লিফট, র‍্যাম্প সহ অন্য ব্যবস্থাও থাকবে।' তাঁর আশা, ডিসেম্বর মাসের মধ্যে এই হাসপাতালের নির্মাণকাজ শুরু হয়ে যাবে। স্বাস্থ্য দপ্তর সূত্রের খবর, এই হাসপাতাল চালানোর জন্য ন্যূনতম চারজন চিকিৎসক, ১২ জন নার্স এবং অন্য স্বাস্থ্যকর্মী প্রয়োজন হবে। এই চিকিৎসক ও নার্সদের জন্য আবাসন তৈরি করা হবে। তবে, এই খাতে কত খরচ হবে তা এখনই স্পষ্ট নয়। এই প্রকল্পের ডিটেইলড প্রোজেক্ট রিপোর্ট পাঠানোর পরেই স্বাস্থ্য দপ্তর এই খাতে বরাদ্দ দেবে। সম্ভবত ন্যাশনাল আরবান হেলথ মিশন (এনইউএইচএম) প্রকল্প থেকে এর বরাদ্দ আসতে পারে বলে স্বাস্থ্য দপ্তর জানিয়েছে।



আধিকারিকদের সঙ্গে এলাকা ঘুরে দেখছেন মেয়র। ছবি : সঞ্জীব সূত্রধর

**প্রস্তাবিত ব্যবস্থা**

- ডাবগ্রামে মাতৃসদনের উলটো দিকে পুরনিগমের হাতে প্রায় দুই বিঘা জমি রয়েছে
- ২৩ নম্বর ওয়ার্ডের এই জমিটি দীর্ঘদিন ধরে অব্যবহৃত ও পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে
- এই জমিতেই ৩০ শয্যার হাসপাতাল তৈরি করতে চাইছে পুরনিগম
- সেখানে ৩০ শয্যার পাঁচতলা হাসপাতাল ভবন তৈরি করা হবে
- অন্তর্বিভাগ, সিটি স্ক্যান, এমআরআই পরিষেবা, ব্লাড ব্যাংকের ব্যবস্থাও থাকবে

**আজ শহরে**

- 'দামামা'র ৫৩তম প্রতিষ্ঠা দিবসকে কেন্দ্র করে দুটি নাটক 'ওরে বিহঙ্গ' ও 'আর এক দ্রোণাচার্য'। সন্ধ্যা ৭টা থেকে শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে।



ইলিশ বাছাই। সোমবার শিলিগুড়িতে দীপ্তেন্দু দত্তের তোলা ছবি।

## ধর্মঘটের সমর্থনে মিছিল

**শিলিগুড়ি ও ইসলামপুর, ৭ জুলাই :** কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন এবং ফেডারেশন সমূহ ও সংযুক্ত কিষান মোর্চার উদ্যোগে সোমবার এক মহামিছিলের আয়োজন করা হয়। ৯ জুলাইয়ের ধর্মঘটের প্রচারের জন্য এদিন কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামের সুইমিং পুলের সামনে থেকে এই মিছিল শুরু হয়। বুধবার যাতে মানুষ ১৭ দফা দাবিতে এই ধর্মঘট পালন করেন, সেজন্য প্ল্যাকার্ড, স্লোগানের মাধ্যমে প্রচার করা হয়। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নের নেতৃত্ব সমন পাঠক, অভিজিৎ মজুমদার, তাপস গোস্বামী, জয় লোধ, অনিরুদ্ধ বসু, পার্থ মৈত্র প্রমুখ। এছাড়াও গণতান্ত্রিক আন্দোলনের নেতারাও এই মিছিলে অংশগ্রহণ করেছেন। অন্যদিকে, এদিন ইসলামপুর শহরেও মিছিল ও সভার আয়োজন করেছিলেন বামপন্থী ট্রেড ইউনিয়ন এবং ফেডারেশনের নেতারা। মিছিলটি এদিন পুর টার্মিনাস থেকে শুরু হয়ে শহর পরিক্রমা করে টার্মিনাসেই শেষ হয়। সিটুর উত্তর দিনাজপুর জেলার সম্পাদক বিকাশ দাস বলেছেন, 'শ্রম কোড বিল বাতিল সহ একাধিক দাবিতে দেশব্যাপী ৯ জুলাই ডাকা ধর্মঘটের সমর্থনে এদিনের কর্মসূচির আয়োজন করা হয়েছিল।'

## রহস্যমৃত্যু

**শিলিগুড়ি, ৭ জুলাই :** শিবমন্দিরে এক তরুণের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্য ছড়াল। মৃত ওই তরুণের নাম মৃদুল চক্রবর্তী। তিনি গোঁসাইপুর স্বপ্নেশ্বরী বোল্লা রক্ষাকালী মন্দিরের পূজারি ছিলেন। পুলিশ সূত্রে খবর, বাবা-মায়ের সঙ্গে কিছু বিষয় নিয়ে ঝগড়া হয়েছিল। এরপর ওই তরুণ আত্মঘাতী হন। প্রতিবেশীরা জানিয়েছেন, রবিবার গভীর রাত পর্যন্ত জেগে ছিলেন ওই তরুণ। এরপর ভোররাতের দিকে ঘরের ভেতর থেকে চেয়ার পড়ার শব্দ শুনতে পান পরিবারের লোকেরা। এরপর ওই তরুণকে ঝুলন্ত অবস্থায় উদ্ধার করে প্রথমে স্থানীয় একটি বেসরকারি নার্সিংহোমে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে গেলে তাঁকে মৃত বলে ঘোষণা করেন কর্তব্যরত চিকিৎসক।

## স্মারকলিপি

**শিলিগুড়ি, ৭ জুলাই :** শহরে বাড়তে থাকা ছিনতাই, চুরির ঘটনায় পুলিশ-প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে সোমবার ভক্তিনগর থানা ও পানিট্যাঙ্কি ফাঁড়িতে স্মারকলিপি দিল বঙ্গীয় হিন্দু মহামঞ্চ। সংগঠনের সভাপতি বিক্রমাদিত্য মণ্ডল বলেন, 'পুলিশ-প্রশাসন সাধারণ মানুষকে নিরাপত্তা দিতে ব্যর্থ। তাই আমরা শহর শিলিগুড়িতে কেন্দ্রীয় নিরাপত্তার দাবি জানাচ্ছি।'

# জলের বোতলে শীতল বিপ্লব

এই গরমে খেলাধুলো, জিম, ভ্রমণ বা চাকরিতে যাওয়ার সময় জলের বোতল হাতে দেখা যায় বেশিরভাগ মানুষকে। তবে শুধু মান্ধাতার আমলের প্লাস্টিকের জলের বোতল নয়, বরং ফ্যাশনে এসেছে স্টেনলেস স্টিল, কাচ এবং মাটির রকমারি জলের বোতল। আর তাতে লেগেছে যুগের হাওয়া। আলোকপাত করলেন তমালিকা দে



**শিলিগুড়ি, ৭ জুলাই :** আধুনিকতার ছোঁয়া লেগে সবকিছুতেই নতুনত্ব দেখা গিয়েছে। বাদ নেই জলের বোতলও। কোনওটাতে দেখা যাচ্ছে অভ্র, চুমকি, জেল দিয়ে ডিজাইন করা, কোনওটাতে আবার ব্যবহারকারীর নাম লেখা। মাটির বোতলগুলোকেও কলকা, ছবি দিয়ে সাজিয়ে তোলা হয়েছে। বোতলের গঠনেও রয়েছে চমক। কোনওটি বলের আকার, কোনওটি চারকোনা, আবার কোনওটি ফুলদানির মতো দেখতে। আধুনিক এই বোতলগুলো নজর কাড়ছে নতুন প্রজন্মের। শহরের দোকানগুলোতে দেখা যায় নতুন এই বোতল। যা এক দেখায় জলের বোতল বলে মনে নাও হতে পারে প্রবীণদের। ডিজাইনার এই বোতলগুলোর চাহিদা নতুন প্রজন্মের কাছে সবথেকে বেশি। কী ধরনের বোতলের চাহিদা বেশি প্রশ্ন করতেই সেবক রোডের একটি স্টেশনারি দোকানের মালিক দেবদীপ সেনগুপ্ত বলেন, 'জলের বোতল নিয়ে মেয়েরা বেশি খুঁতখুঁতে। বিশেষ করে স্কুল, কলেজের মেয়েরা এসে ডিজাইনার বোতলের খোঁজ করে। বিশেষ করে সিপার বেশি বিক্রি হয়।'

এক সময় ছিল, বিভিন্ন ঠান্ডা পানীয় কিনে সেই বোতল ধুয়ে রেখে দেওয়া হত খাওয়ার জল রাখার জন্য। স্কুল, কলেজে, ঘুরতে, চাকরিতে যাওয়ার সময়ও এই বোতলগুলোতেই জল ভরে নিয়ে যাওয়া হত। জলের জন্য বোতল কেনার আগ্রহ দেখা যেত না বলে ফুলেশ্বরীর বাসিন্দা ষাটোর্ধ্ব ছায়া চক্রবর্তী জানান। তবে এইসব ঠান্ডা পানীয়র বোতলে জল নেওয়া যে স্বাস্থ্যকর নয় তা অবশ্য জানিয়েছেন চিকিৎসক সঞ্জয় চৌধুরী। কারণ সেগুলো খুবই নিম্নমানের হয়। তার থেকে মাটির, কাচের বোতল অনেক বেশি স্বাস্থ্যকর।

সেলেব্রিটিদেরও দেখা যায় এখন বিভিন্ন ডিজাইনার বোতল সঙ্গে রাখতে। তাঁদের দেখেই যে এ ধরনের শখ হয়েছে তা অবশ্য জানিয়েছে জ্যোৎস্নাময়ী গার্লস হাইস্কুলের একাদশ শ্রেণির ছাত্রী মেঘা মজুমদার। তবে সুন্দর এই বোতলগুলোর দামও কিন্তু অনেকটাই। মাটিরগুলো একশো টাকা থেকে শুরু হয়, অন্যদিকে ডিজাইনার সিপার তো দুশো টাকার নীচে মনোমতো যেন হয় না। দামি হলেও ট্রেন্ডে থাকার কারণে বাহারি বোতল এখন বাজারে দেখা যায়।

**গড়নে চমক**

- জলের বোতলে কোনওটাতে দেখা যাচ্ছে অভ্র, চুমকি, জেল দিয়ে ডিজাইন করা
- মাটির বোতলগুলোকেও কলকা, ছবি দিয়ে সাজিয়ে তোলা হয়েছে
- পানীয় জলের বোতলের গড়নেও রয়েছে চমক, কোনওটি বলের আকারের
- কোনও বোতলের গড়ন চারকোনা, আবার কোনওটি ফুলদানির মতো দেখতে
- যেগুলো এক্সক্লুসিভ তার কোনওটাতে আবার ব্যবহারকারীর নাম লেখা



## স্কুলে ফ্যান চুরি

**শিলিগুড়ি, ৭ জুলাই :** শনিবার অভিযোগ দায়ের করার পরেও ফের চুরি শালুগাড়া হাইস্কুলে। আরও পাঁচটি ক্লাসরুমের ফ্যান চুরি করল দুষ্কৃতীরা। চুরির পর স্কুলের বারান্দাতে বসেই ফ্যানের যন্ত্রাংশ খুলে নিয়ে পালায় তারা। এমনকি প্রধান শিক্ষকের রুমের জানলা ভেঙে পর্দা কেটে নিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে।

স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক রাজীবকুমার চক্রবর্তী বলেন, 'শুক্রবার রাতেই স্কুলের নেপালিমাধ্যমের তিনটি ক্লাসের ফ্যান চুরি হয়েছিল। আজ সকালে এসে দেখলাম, বাংলা ও নেপালিমাধ্যম মিলিয়ে পাঁচটি ক্লাসের ফ্যান চুরি হয়ে গিয়েছে। এভাবে চলতে থাকলে তো আর স্কুলই চালানো যাবে না।' দুষ্কৃতীদের খোঁজে তদন্ত করছে ভক্তিনগর থানার পুলিশ।

## বিক্ষোভ

**শিলিগুড়ি, ৭ জুলাই :** তেরো বছরের নাবালিকাকে ধর্ষণে অভিযুক্তের গ্রেপ্তারির দাবিতে সোমবার সন্ধ্যায় প্রধাননগর থানায় বিক্ষোভ দেখান নাবালিকার পরিবার ও এলাকার মানুষজন। তাঁরা দাবি করেন, অভিযুক্তকে দ্রুত গ্রেপ্তার করতে হবে। তেরো বছরের ওই নাবালিকা এখন গর্ভবতী অবস্থায় উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি রয়েছে।

# ডাম্পার আটকাল বিদ্যুতের তারে

**শিলিগুড়ি, ৭ জুলাই :** বালি বোঝাই ডাম্পারকে ঘিরে বিপত্তি। বিদ্যুতের তারে লেগে থাকা অবস্থায় প্রায় তিন ঘণ্টা ডাম্পারের সামনের দুটি চাকা শূন্যে ঝুলে থাকল। শেষে ক্রেন এনে ডাম্পারকে টেনে নিয়ে গেল পুলিশ। আর এই ঘটনাকে কেন্দ্র করে সোমবার ভোর থেকে চাঞ্চল্য ছড়ায় মধ্য শান্তিনগর এলাকায়। ডাম্পারচালক পালিয়ে যাওয়ায় ইতিমধ্যেই ওই ডাম্পারটি বাজেয়াপ্ত করেছে আশিঘর ফাঁড়ির পুলিশ।

স্থানীয় বাসিন্দা অশোক রায় বলেন, 'এদিন ভোরবেলা ওই ডাম্পারটি এলাকায় ঢোকে। এরপর ডাম্পারটি তারে লেগে যাওয়ায় ডাম্পারের মাল খালি করতে থাকা অবস্থাতেই ওপরে উঠে তার সরানোর চেষ্টা করে চালক। এরমধ্যেই ডাম্পার খালি হয়ে যায়। ফলে ডাম্পারের সামনের অংশ উঠে, তা তারের সঙ্গে লেগে যায়। উলটে পড়ে যান গাড়িচালক। এরপরই পালিয়ে যান ওই চালক।' এদিকে, ওই ডাম্পারটিকে রাস্তা দেখিয়ে নিয়ে আসা স্থানীয় এক তরুণও চোট পান। তাঁকে স্থানীয়রা হাসপাতালে নিয়ে যান। এদিকে, ডাম্পারের সামনের চাকা এইভাবে ঝুলতে দেখে খবর দেওয়া হয় বিদ্যুৎ দপ্তরকে। বিদ্যুৎ দপ্তরের কর্মীরা এসে এলাকায় বিদ্যুৎ সংযোগ ছিন্ন করেন।

ডাম্পারগুলি এভাবে অলিগলিতে ঢোকায় ক্ষোভ উগরে দিয়েছেন স্থানীয় ৩৬ নম্বর ওয়ার্ড কাউন্সিলার রঞ্জন শীল শর্মা। তিনি বলেন, 'অলিগলিতে এভাবে ডাম্পার ঢুকে যাওয়ায় যথেষ্ট সমস্যার মধ্যে পড়তে হচ্ছে। পুলিশ প্রশাসনের উচিত বিষয়গুলো দেখা। এলাকার রাস্তা, নিকাশি সমস্ত কিছু খারাপ হয়ে যাচ্ছে।' সবমিলিয়ে, ডাম্পারের এমন দৃশ্য দেখে কার্যত অবাক হয়ে থাকলেন এলাকার সাধারণ মানুষ।

> অলিগলিতে এভাবে ডাম্পার ঢুকে যাওয়ায় যথেষ্ট সমস্যার মধ্যে পড়তে হচ্ছে। পুলিশ প্রশাসনের উচিত বিষয়গুলো দেখা। এলাকার রাস্তা, নিকাশিনালা সমস্ত কিছু খারাপ হয়ে যাচ্ছে।
>
> **রঞ্জন শীলশর্মা**

পাড়ায় পাড়ায়

**শিলিগুড়ি**

## পুজোর আগে রাস্তা সংস্কারের আর্জি



**শিলিগুড়ি, ৭ জুলাই :** তিন বছর পেরিয়ে গেল, কেউ কথা রাখেনি। কেউ কথা রাখে না। ভোটের মরশুমে পরিযায়ী পাখির মতো রাজনৈতিক দলের নেতারা আসেন ঝুলিভরা আশ্বাস নিয়ে, তারপর স্বার্থ ফুরিয়ে গেলে দেখা মেলে না।

কথা হচ্ছে শিলিগুড়ি পুরনিগমের ৪২ নম্বর ওয়ার্ডের প্রকাশনগর রোডটিকে নিয়ে। সালুগাড়া থেকে চম্পাসারি রোডের সংযোগকারী এই পথ দিয়ে সারাদিনে কয়েকশো মানুষের যাতায়াত। পিচের চাদর উঠেছে বহুদিন আগে। কুচি পাথর বেরিয়ে এসেছে। তৈরি হয়েছে একাধিক ছোট-মাঝারি গর্ত। সামান্য বৃষ্টিতে সেখানে জল জমে। বেকায়দায় পড়েন পথচলতি মানুষ। স্থানীয়দের ক্ষোভ, এতদিন ধরে রাস্তাটি বেহাল অবস্থায় থাকা সত্ত্বেও সংস্কারের কোনওরকম উদ্যোগ নেই। এ নিয়ে কথা বলতে গেলে ফের প্রতিশ্রুতির বাণী শোনালেন ৪২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার শোভা সুব্বা। বললেন, 'রাস্তাটি মেরামতের জন্য দ্রুত প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে।'

৪২ নম্বর ওয়ার্ডের প্রকাশনগর রোড দিয়ে সেবক রোডে ওঠা যায়। যাওয়া যায় ইস্টার্ন বাইপাসে। এলাকাবাসী মানবেন্দ্র রায় গর্ত এড়িয়ে ধীরে ধীরে হাঁটছিলেন। সামনে এসে বললেন, 'লাভ হবে কি ছবি তুলে? আমাদের সমস্যা নিয়ে কারও তো হেলদোল দেখি না তেমন। এমন ভাঙাচোরা রাস্তায় দুর্ঘটনার আশঙ্কা থাকে। কবে যে সংস্কার হবে, ভগবান জানে।' একইরকম হতাশার সুর আরও এক স্থানীয় প্রসেনজিৎ বিশ্বাসের গলায়। তাঁর কথায়, 'ছোটরা এই রাস্তা দিয়ে স্কুলে যায়। অসুস্থ ব্যক্তিদের গাড়িতে করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ওদের অসুবিধা সবথেকে বেশি। সাধারণের সমস্যা নিয়ে চিন্তা করুক প্রশাসন।'

যত তাড়াতাড়ি সম্ভব, মেরামতের দাবি জানাচ্ছেন নাগরিকরা। তাঁদের অনুরোধ, এবছর দুর্গাপুজোর আগে যেন হাল ফেরে রাস্তার।

